
# জাতীয় স্মৃতিসৌধ

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের শহীদদের স্মৃতির উদ্দেশ্যে নিবেদিত একটি স্মারক স্থাপনা। এটি ঢাকা-আরিচা মহাসড়কের পাশে নবীনগর, সাভারে অবস্থিত। স্মৃতিসৌধের নকশা প্রণয়ন করেছেন স্থপতি সৈয়দ মাইনুল হোসেন (জন্ম: ১৭ মার্চ, ১৯৫১, মৃত্যু: ১০ নভেম্বর, ২০১৪)।
স্মৃতিসৌধ প্রাঙ্গণের সর্বমোট আয়তন ৮৪ একর। সৌধটি সাত জোড়া ত্রিভুজাকৃতির দেয়াল নিয়ে গঠিত। দেয়ালগুলো ছোট থেকে ক্রমশ: বড়ক্রমে সাজানো হয়েছে। এই সাতটি জোড়া দেয়াল বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের সাতটি ধারাবাহিক পর্যায়কে নির্দেশ করে।
১৯৫২-র ভাষা আন্দোলন, ১৯৫৪ যুক্তফ্রন্ট নির্বাচন, ১৯৫৬ শাসনতন্ত্র আন্দোলন, ১৯৬২ শিক্ষা আন্দোলন, ১৯৬৬ ছয় দফা আন্দোলন, ১৯৬৯ এর গণ-অভ্যূত্থান এবং ১৯৭১ এর মুক্তিযুদ্ধ- এই সাতটি ঘটনাকে স্বাধীনতা আন্দোলনের পরিক্রমা হিসাবে বিবেচনা করে সৌধটি নির্মিত হয়েছে।


- জাতীয় স্মৃতিসৌধ: শহীদদের স্মরণে নির্মিত সর্বজনীন স্মৃতিস্তম্ভ
- স্থপতি: সৈয়দ মাইনুল হোসেন
- অবস্থান: নবীনগর, সাভার, ঢাকা, বাংলাদেশ
- নির্মাণ শুরু: ১৯৭৮ সাল
- নির্মাণ শেষ: ১৯৮২ সাল
- উচ্চতা: ১৫০ ফুট

*তথ্যসূত্র: উইকিপিডিয়া



;

পপ-আপ কার্ডটি **“ক্যাকটাস ক্রাফট”** এর একটি উদ্যোগ
আমাদের ঠিকানা: www.fb.com/cactuscraftbd
যোগাযোগ: 01307946487
**বি:দ্র: বিক্রির জন্য নয়**



পপ-আপ কার্ডটি **“ক্যাকটাস ক্রাফট”** এর একটি উদ্যোগ
আমাদের ঠিকানা: www.fb.com/cactuscraftbd
যোগাযোগ: 01307946487
**বি:দ্র: বিক্রির জন্য নয়**